

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা-০৪
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৮৬.২০.২০১

বিষয়: সহকারী কমিশনার (ভূমি), রামগতি, লক্ষ্মীপুর এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিক-আপ গাড়ির ০২ (দুই)টি চাকা এবং যন্ত্রাংশ পরিবর্তনের জন্য বরাদ্দ ছাড়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণ।

সূত্র: ১। জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর এর স্মারক নং- ০৫.৪২.৫১০০.০০৯.২০.০০১.২৫-১০১৮, তারিখ: ২৯-০৫-২০২৫ খ্রি।
২। উপজেলা ভূমি অফিস, রামগতি, লক্ষ্মীপুর এর স্মারক নং- ৩১.৪৬.৩৬২৬.০০০.৪২.০০৪.২৫-২২৬, তারিখ: ১৭-০৫-২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সহকারী কমিশনার (ভূমি), রামগতি, লক্ষ্মীপুর এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ (গাড়ি নং লক্ষ্মীপুর -৪-১১-০০২৪) গাড়ির ০২ (দুই) চাকা এবং যন্ত্রাংশ (টাইমিং বেল্ট, কেবিন কভার) পরিবর্তনের ব্যয় বাবদ ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, চলতি অর্থবছরে গাড়িটির বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ “৩২৫৮১০১- মোটরযান” কোডে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গাড়িটি ০২-০৯-২০১৯ তারিখে ভূমি মন্ত্রণালয় হতে সরবরাহ করা হয়। দাপ্তরিক নথি ও আইবাস প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, গত ২০২১-২২ অর্থবছরে ৭৫,০০০/- (০২টি চাকা ক্রয় বাবদ ৪৫,০০০/-), ২০২২-২৩ অর্থবছরে ৭৫,০০০/- (০২টি চাকা ক্রয় বাবদ ৪৫,০০০/-) এবং ২০২৩-২৪ অর্থবছরে ১,০০,০০০/- টাকা (০১টি চাকা এবং যন্ত্রাংশ ক্রয় বাবদ ৭০,০০০/-) বরাদ্দ প্রদান করা হয়েছে। গাড়িটি সরবরাহের পর অবশিষ্ট অর্থবছরে বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ বরাদ্দ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত প্রস্তাব মোতাবেক সহকারী কমিশনার (ভূমি), রামগতি, লক্ষ্মীপুর এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ির ০২ (দুই)টি চাকা এবং যন্ত্রাংশ পরিবর্তনের ব্যয় বাবদ বর্তমান চাহিত ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা এবং বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ চলতি অর্থবছরে ইতোমধ্যে বরাদ্দকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, সর্বমোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দের প্রশাসনিক অনুমোদন প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১৫ (পনেরো) ফর্দ।

সকল সংযুক্তিসমূহ:

(১) ১৫ (পনেরো) ফর্দ

০৪-০৬-২০২৫
সাবরিনা সুলতানা
সহকারী ভূমি সংস্কার কমিশনার
০২৪১০১০৪৫৫
alrc4@lrb.gov.bd

সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-২, ভূমি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৮৬.২০.২০১/১ (৬)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ২। উপ-ভূমি সংস্কার কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), রামগতি, লক্ষ্মীপুর।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



০৪-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার